

২৭

**উড়ো চিঠি : খুলনার  
স্কুলগুলোতে উপস্থিতি  
কমে গেছে**

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ৬ই জুলাই:— উড়ো চিঠি ও গুজবের কারণে খুলনা-দৌলতপুর এবং খালিশপুর এলাকার স্কুলগুলোতে মারাত্মক আতঙ্কের সৃষ্টি হয়েছে। বালিকা বিদ্যালয় ও কিড্ডারগার্টেন-এর শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবক মহল চিন্তিত হয়ে পড়েছেন। এর ফলে স্কুলে ছাত্রছাত্রীর উপস্থিতির সংখ্যা অনেক কমে গেছে।

সম্প্রতি কয়েকটি স্কুলে চিঠি পাঠিয়ে ১০টি করে ছাত্রের মাথা চাওয়া হয়েছে। এসব চিঠিতে 'চিঠি বাহিনী' অথবা 'সর্বহারা পাঠি'র নাম লেখা রয়েছে। অনেক স্কুল কর্তৃপক্ষ এ ধরনের চিঠি পেলেও তা স্বীকার করছেন না। চিঠি পাঠানোর খবর জানাজানি হয়ে যাওয়ায় অভিভাবক মহল উদ্ভিগ্ন হয়ে পড়েছেন। মা-বাবা ছাড়া কোন ছাত্রছাত্রী স্কুলে আসছে না। যাওয়ার সময়ও একই অবস্থা।

উড়ো চিঠি : পৃঃ ২ কঃ ৪

**উড়ো চিঠি : খুলনায়  
( ১ম পৃষ্ঠার পর )**

চিঠি পাঠানো নিয়ে শহরে গুজব রটে গেছে। এর মধ্যে বড় গুজব হলোঃ রূপসা সেতু নির্মাণের জন্য ১০০ শিশুর মাথা প্রয়োজন। ভিত্তিহীন গুজব জেনেও মানুষ জীতসন্ত্রস্ত অবস্থায় দিন কাটাচ্ছে।

এ ব্যাপারে পুলিশের বিশেষ শাখার একজন কর্মকর্তা বলেন, চিঠির ব্যাপারটা তাদের জানা আছে এবং কয়েকটি চিঠি তাদের হাতে এসেছে। একশ্রেণীর বখাটে যুবক অথবা অন্য কেউ শত্রুতা করে এসব চিঠি লিখে বলে পুলিশের ধারণা।